'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 2nd Semester Examination, 2023

## CC4-BENGALI

## NEW SYLLABUS

Time Allotted: 2 Hours — Full Marks: 60

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৩×৪ = ১২

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার মূল সাহিত্যিক নিদর্শনের নাম লেখো। এই ভাষার সময়সীমা নির্দেশ করে এই ভাষায় ব্যবহৃত স্বরধ্বনিগুলির উল্লেখ করো।

(খ) সাহিত্যিক সংস্কৃত ভাষাকে ব্যাকরণের জালে বন্দী করেন কোন্ কোন্ বৈয়াকরণ ? আর্যভাষার কোন্ স্তরে এই ভাষাটিকে এই রূপ দেওয়া হয় ?

(গ) ধ্বনিলোপ কয় প্রকার ও কী কী ? যে-কোনো একপ্রকার ধ্বনিলোপের সংজ্ঞাসহ উদাহরণ দাও।

(ঘ) মধ্যভারতীয় আর্যভাষার সময়সীমা ও দু'টি সাহিত্যিক নিদর্শনের নাম লেখো।

(ঙ) জোড়কলম শব্দ কাকে বলে ? উদাহরণসহ ব্যাখ্যা করো।

(চ) তিনটি পর্তুগীজ এবং তিনটি ফার্সি শব্দের নাম লেখো যেগুলি শব্দভাণ্ডারে প্রচলিত।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৬×৪ = ২৪

(ক) বাংলা উপভাষা ক'টি ? এই উপভাষাগুলির নাম উল্লেখ করে তাদের এলাকা নির্দেশ করো।

(খ) বাংলায় স্বরধ্বনি কয়টি ? এই স্বরধ্বনিগুলির উচ্চারণস্থান অনুযায়ী বর্গীকরণ করো।

(গ) বাংলা শব্দভাণ্ডারে প্রচলিত মৌলিক শব্দের সবিস্তার আলোচনা করো।

(ঘ) বাংলা লিপির উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

(ঙ) টীকা লেখোঃ স্বরসঙ্গতি, শ্রুতিধ্বনি।

(চ) IPA শব্দের পুরো অর্থ কী ? IPA ভাষায় কোনো রচনা লিখতে গেলে কী কী নিয়মাবলী মানতে হয় ? নিম্নলিখিত বাংলা রচনাকে IPA-তে রূপান্তরিত করোঃ

> 'সকল কথার এক অর্থ করলেই শুধু হয়না
> মাঝে মাঝে ভিন্ন ভিন্ন অর্থ করলে ভিন্ন ভিন্ন
> মতামত লোকসমাজে প্রচলিত হয়।'

### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১২×২ = ২৪

(ক) সংস্কৃত ভাষা বাংলা ভাষার জননী কিনা — এ প্রসঙ্গে তোমার মতামত প্রতিষ্ঠা করো।

(খ) মধ্য বাংলা ভাষার সময়কালের উল্লেখ করে এর শ্রেণিবিভাজন করো এবং যে-কোনো শ্রেণির ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।

(গ) শব্দার্থ পরিবর্তনের বিভিন্ন কারণসমূহ আলোচনা করো।

(ঘ) উচ্চারণস্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিন্যাস করো।

——×——